১৫/৫/২০০১

দৈনিক ইত্তেফাক

তারিখ ......
পৃষ্ঠা ১ ... কলাম ......

# দেশের বিএড কলেজে ভর্তি স্থগিত

মাইনুল হাসান ॥ দেশের সকল বিএড ও বিপিএড কলেজে বর্তমান শিক্ষাবর্ষে (২০০১-২০০২) প্রশিক্ষণার্থী ভর্তি স্থগিত করা হইয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয় ৮ই মে এই নির্দেশ ইস্যু করে। স্থগিতের কারণ

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## দেশের বিএড

(প্রথম পৃষ্ঠার পর)

উল্লেখ করা হয় নাই। তবে বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানায়, দেশে ব্যাঙের ছাতার মত বিএড ও বিপিএড কলেজ স্থাপিত হওয়ায় পরীক্ষার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন সমস্যার সম্মুখীন হয়। বিশ্ববিদ্যালয়ের অজান্তে এই সকল কলেজ স্থাপিত হওয়ায় প্রশিক্ষণার্থীরা পরীক্ষা দেওয়ার সুযোগ হইতে বঞ্চিত হয়। এই অচলাবস্থা দূরের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল কলেজে ভর্তি স্থগিত করিয়া তদন্ত চালাইবে।